# প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ৭ অক্টোবর ২০২৫

**প্রবীণদের জন্য কমিউনিটিভিত্তিক কেয়ার ব্যবস্থা গড়ে তোলার প্রত্যাশায় আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন**

সমাজসেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়, আজ ৩৫তম আন্তর্জাতিক প্রবীণ দিবস উদযাপন করেছে। শারদীয় দুর্গাপূজার কারণে ১ অক্টোবর, ২০২৫ এর পরিবর্তে আজ ৭ অক্টোবর, ২০২৫ তারিখে এই দিবসটি উদযাপিত হয়। এবারের আন্তর্জাতিক প্রবীণ দিবসের মূল প্রতিপাদ্য ছিল: "Older Persons Driving Local and Global Action: Our Aspirations, Our Well-Being, Our Rights" - অর্থাৎ, "একদিন তুমি পৃথিবী গড়েছো, আজ আমি স্বপ্ন গড়বো, সযত্নে তোমায় রাখবো আগলে"।

আগারগাঁওস্থ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে আয়োজিত আলোচনা সভার পূর্বে একটি বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা **শারমীন এস মুরশিদ**। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব **মমতাজ আহমেদ এনডিসি** এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সচিব **ড. মোহাম্মদ আবু ইউছুফ**। সভায় সভাপতিত্ব করেন সমাজসেবা অধিদপ্তরের মহাপরিচালক **মোঃ সাইদুর রহমান খান**।

অনুষ্ঠানে সম্মানিত অতিথিবর্গ বাংলাদেশের প্রবীণ ব্যক্তিদের জন্য সম্মানজনক ও সুখী জীবনের প্রত্যাশা ব্যক্ত করেন। প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপদেষ্টা শারমীন এস মুরশিদ বলেন যে, সম্মান দেওয়া সম্মান পাওয়ার সঙ্গে সম্পৃক্ত। বাংলাদেশের মানুষ ঐতিহ্যগতভাবে প্রবীণ ব্যক্তিদের প্রতি শ্রদ্ধাশীল। এটাই আমাদের মূল্যবোধ। তবে এই মূল্যবোধের পরিবর্তন ঘটেছে। প্রবীণ ব্যক্তিগণ তাঁদের পরিবারে সম্মানের সাথে জীবন কাটাবে। এটা নিয়ে আমাদের কাজ করতে হবে। উন্নত দেশের মত কমিউনিটিভিত্তিক কেয়ার ব্যবস্থা গড়ে তুলতে হবে। আজ না হোক কাল আমাদের এই পথেই ফিরে যেতে হবে। একই সাথে প্রবীণ দিবসের আয়োজনেও আগামীতে পরিবর্তন আনতে হবে। প্রবীণ দিবসের অনুষ্ঠান নবীন ও প্রবীণের সংমিশ্রণে আয়োজন করতে হবে। সেখানে আমরা প্রবীণদের কথা শুনবো।

বিশেষ অতিথি মমতাজ আহমেদ এনডিসি এবং ড. মোহাম্মদ আবু ইউছুফ প্রবীণদের অধিকার, সুস্থ জীবন এবং তাদের আকাঙ্ক্ষা পূরণের গুরুত্বের ওপর জোর দেন। তাঁরা প্রবীণদের অবদানকে স্মরণ করেন এবং তাঁদের প্রতি সমাজের দায়িত্বের কথা পুনর্ব্যক্ত করেন।

সভাপতির বক্তব্যে মহাপরিচালক মোঃ সাইদুর রহমান খান প্রবীণদের সামগ্রিক কল্যাণে সমাজসেবা অধিদপ্তরের প্রতিশ্রুতি তুলে ধরেন এবং সকলের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে প্রবীণদের জীবনমান উন্নয়নের আহ্বান জানান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) মোহাম্মদ আবদুল হামিদ মিয়া। মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রবীণ হিতৈষী সংঘের যুগ্ম-মহাসচিব মনজু আরা বেগম। অনুষ্ঠানে প্রবীণ হিতৈষী সংঘের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ শামসুল হক, মহাসচিব বীর মুক্তিযোদ্ধা মোঃ এন্তেজার রহমান ও অন্যান্য প্রবীণ ব্যক্তিবর্গ বক্তব্য রাখেন।

রেজাউর ০৭/১০/২৫

**মোহাম্মদ রেজাউর রহমান**
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদপ্তর